

ভিন্ন মতালম্বীদের (মুশরিক, মুনাফিক) নির্মূল করা ইসলামের নীতি নয়

আস্‌সালামুআলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।

বিসমিল্লাহির রাহমানির রাহিম।

আজকের আলোচ্য বিষয় : **ভিন্ন মতালম্বীদের (মুশরিক, মুনাফিক) নির্মূল করা ইসলামের নীতি নয়।**

ثُمَّ يَتُوبُ اللَّهُ مِنْ بَعْدِ ذَلِكَ عَلَىٰ مَنْ يَشَاءُ ۗ وَاللَّهُ غَفُورٌ رَحِيمٌ

এরপরও যার প্রতি ইচ্ছা আল্লাহ ক্ষমাপরায়ণ হবেন; আল্লাহ অতি ক্ষমাশীল, পরম দয়ালু। (সূরা তাওবা : ২৭)

এর আগের দুইটি আয়াতে আল্লাহ বলেছেন, হুনাইনের যুদ্ধে মুসলমানগণ সংখ্যাধিক্যের কারণে উৎফুল্ল হয়েছিল, কিন্তু এটা তাদের কোনো কাজে আসেনি। প্রথমদিকে মুসলমানগণ যুদ্ধে পৃষ্ঠ প্রদর্শন করে পলায়ন করেছিল। পরে আল্লাহর সাহায্যে মুসলমানদের বিজয় হয়েছিল।

হুনাইন যুদ্ধে বন্দিদের সাথে রাসূল (সাঃ) এর আচরণে মুগ্ধ হয়ে মুশরিকদের অধিকাংশ লোকই ইসলাম গ্রহণ করেছিল।

একদল তফসীরকারক এইভাবে লিখেছেন:

এইখানে হুনাইন দের দৃষ্টান্ত দেওয়ার উদ্দেশ্য এই যে, মুসলিমদের এমন চিন্তা করা উচিত নয় যে, কাফিরদের সম্পকচ্ছেদের ঘোষণার পর বুঝি তাদের এক্কেবারে নিশ্চিহ্ন করে দেওয়া হবে।

**মূলত:** তাদের নিশ্চিহ্ন করা উদ্দেশ্য নয়, উদ্দেশ্য হচ্ছে তাদের বাতিল ব্যবস্থাকে পরিবর্তন করে আল্লাহর দ্বীন প্রতিষ্ঠা করা। তাদের জাহেলী ব্যবস্থা যখন ভেঙে

পৰ্বে তখন তৰাই ইসলামের সুশীতল ছায়াতলে আশ্রয় নেবে এবং তখনই তৰা  
ইসলামের কল্যাণকে বুঝতে পারবে।

আল্লাহ আমাদেরকে নিজে ইসলাম বুঝে আমল করার এবং অন্যকে দ্বীনের  
দাওয়াত দেওয়ার তৌফিক দান করুন।

আমিন

আস্‌সালামুআলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।